দৈনিক ইনকিলাব

APR. 02 2002

# ফাজিল ও কামিল পাস ছাত্রদের মাস্টার্স-এ ভর্তি হওয়ার সুযোগ দেয়া হোক

আমাদের দেশে বর্তমান দাখিল-কে এসএসসি, আলিম-কে এইচএসসি, ফাজিল-কে ডিগ্রী ও কামিল-কে মাস্টার্সের সমমান ধরা হয়। তাই দাখিল পাস করে কলেজে এইচএসসি'তে এবং আলিম পাস করে বিশ্ববিদ্যালয়গুলোতে অনার্সে ভর্তি হওয়া যায়। আবার চাকরির বেলায় কামিল পাস করে যোগ্যতার ভিত্তিতে মাদ্রাসার অধ্যক্ষ হওয়া যায়। দেখা যায় উল্লেখিত ক্ষেত্রে কামিল-কে মাস্টার্স-এর সমমান দেয়া হয়েছে। আবার হাইস্কুলে কামিল পাস করে মৌলভী-শিক্ষক চাকরি করে সিনিয়র স্কেল পান।

সেক্ষেত্রে কামিল-কে বেতন স্কেলে বিএড-এর সমান দেয়া হয়েছে। তবে অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, ফাজিল ও কামিল পাস ছাত্রদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হচ্ছে না। এমনকি মাস্টার্স-এ ভর্তি হওয়ার সুযোগ নেই।

বরং ফাজিল ও কামিল পাস করে আবার বিএ ভর্তি হতে হয়। ফাজিল ক্লাসে বিএ'র কোর্স পড়ানো হয়। বিষয়টি বিবেচনা করে ফাজিল ও কামিল পাস ছাত্রদের মাস্টার্স-এ ভর্তির সুযোগ দেয়ার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**হাবিবুর রহমান সাব্বির**
বিএ (অনার্স) বাংলা
সরকারী সা'দত বিশ্ববিদ্যালয় কলেজ
করটিয়া, টাঙ্গাইল।